**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রজ্যে পর্যটন শিল্পের মাধ্যমে আর্থসামাজিক মানোন্নয়নে গুরুত্ব দিচ্ছে রাজ্য সরকার ।**

**(২) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে আপদকালীন ব্যবস্থা গ্রহনের অঙ্গ হিসাবে আগামীকাল রাজ্যেও মকড্রিল অনুষ্ঠিত হবে |**

**(৩) কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক অনুষ্ঠানে গত বছর আগস্ট মাসে রাজ্যে ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের হাতে আর্থিক সাহায্য তুলে দেন।**

**(৪) ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, রাজ্যে ৪০ হাজারের বেশি ছেলেমেয়ে চিহ্নিত করে ক্রীড়া প্রশিক্ষণ দেয়া হচ্ছে ।**

****************************************

**CM Visit in Amarpur :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রজ্যে পর্যটন শিল্পের মাধ্যমে আর্থসামাজিক মানোন্নয়নে গুরুত্ব দিচ্ছে রাজ্য সরকার। আজ গোমতী জেলার অমরপুরের ছবিমুড়ায় এডিবির অর্থায়নে ৬৭ কোটি ৭৬ লক্ষ টাকা ব্যয়ে পর্যটন শিল্পে বিভিন্ন প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার পর্যটন পুলিশ নিয়োগের উদ্যোগ নিয়েছে। পুলিশ এক্সিকিউটিভ পদে নিয়োগ থেকে এই পর্যটন পুলিশ নিয়োগের চিন্তাভাবনা করা হচ্ছে।

#######Byte-CM########

ছবিমুড়ায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বিধায়ক রঞ্জিত দাস সহ অন্যান্যরা। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, রাজ্যে পর্যটকের সংখ্যা বাড়ছে। রাজ্যের পর্যটনকে বিশ্ব মানচিত্রে নিয়ে যেতে নানা উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। তিনি বলেন, রাজ্য সরকার, ইকো ট্যুরিজম, স্পিরিচুয়াল ট্যুরিজম, ওয়াটার ট্যুরিজম, কালচারাল ট্যুরিজম ইত্যাদির উপর গুরুত্ব দিয়েছে।

এর আগে মুখ্যমন্ত্রী অমরপুরের থাকছড়ায় মহিলা পরিচালিত থাকছড়া গ্রাম পঞ্চায়েতের নতুন পাকা ভবনের উদ্বোধন করেন। অমরপুর চন্ডিবাড়ি মাঠে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ২৫টি প্রকল্পের শিলান্যাস করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে হাব গড়ে তুলতে সরকার আগ্রহী।

*****************************

**Mock Drill :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন আগামীকাল অনুষ্ঠেয় সিভিল ডিফেন্স মক ড্রিল নিয়ে বিভিন্ন রাজ্যের মুখ্য সচিবদের সঙ্গে আজ বৈঠক করেন। জাতীয় রাজধানীতে স্বরাষ্ট্র মন্ত্রকের কার্যালয়ে অসামরিক প্রতিরক্ষা ও জাতীয় দুর্যোগ প্রতিক্রিয়া বাহিনীর মহানির্দেশক এবং অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা এই বৈঠকে যোগ দেন।

উল্লেখ্য, গতকাল কেন্দ্র, রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে নাগরিক প্রতিরক্ষা প্রস্তুতি মূল্যায়নের জন্য মক ড্রিল পরিচালনা করার কথা জানায়। স্বরাষ্ট্র মন্ত্রক দেশের ২৪৪টি শ্রেণীবদ্ধ সিভিল ডিফেন্স জেলা জুড়ে সিভিল ডিফেন্স মহড়া আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে। গ্রাম স্তর পর্যন্ত এই মহড়া পরিচালনার পরিকল্পনা করা হয়েছে। মক ড্রিলের প্রাথমিক উদ্দেশ্য হল বিমান হামলার সতর্কতা ব্যবস্থার কার্যকারিতা মূল্যায়ন করা, ভারতীয় বিমান বাহিনীর সঙ্গে হটলাইন বা রেডিও যোগাযোগ লিঙ্কের কার্যকারিতা পরীক্ষা করা এবং নিয়ন্ত্রণ কক্ষের কার্যকারিতা পরীক্ষা করা।

এই মহড়ায় অসামরিক নাগরিক এবং শিক্ষার্থীদের আক্রমণের ক্ষেত্রে নিজেদের রক্ষা করার জন্য অসামরিক প্রতিরক্ষার দিকগুলি সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হবে।

****************************

**Mock Drill-State :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে আপদকালীন ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত মহড়ার নির্দেশের পরিপ্রেক্ষিতে আজ সচিবালয়ে মুখ্য সচিবের পৌরহিত্যে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাজস্ব দপ্তরের সচিব, রাজ্য পুলিশের ইন্টেলিজেন্স মহা নির্দেশক, অসামরিক প্রতিরক্ষা দপ্তরের পদস্থ আধিকারিক সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন। বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়, আগামীকাল বিকাল ৪ টায় স্টেট ইমার্জেন্সি অপারেশন সেন্টার আগরতলা এবং আটটি জেলার ইমারজেন্সি অপারেশন সেন্টার থেকে একই সঙ্গে সাইরেন বাজানো হবে। দু'মিনিটের জন্য সাইরেন বাজবে। ইমারজেন্সি অপারেশন সেন্টারের পাশাপাশি বিভিন্ন ঝুঁকিপূর্ণ এলাকাতেও সাইরেন বাজানো হবে। এরমধ্যে শহরাঞ্চল, গুরুত্বপূর্ণ স্থাপনা, সীমান্ত এলাকা, জনবহুল এলাকা, বাজার, টেলিকমিউনিকেশন প্রতিষ্ঠান, হাসপাতাল, রেললাইন, বিদ্যুৎ কেন্দ্র, সেতু, বিমানবন্দর ইত্যাদি এলাকায় সাইরেন বাজানোর সঙ্গে সঙ্গে জনসাধারণকে নিরাপদ জায়গায় নিয়ে যাওয়া হবে। বৈঠকে কারো সিদ্ধান্ত নেওয়া হয় চারটা কুড়ি মিনিট থেকে পাচটা ৩০ মিনিট পর্যন্ত উদ্ধার কার্য চলবে। ৫টা ৩২ মিনিটে দুই মিনিটের জন্য ব্ল্যাকআউট করা হবে। পুরো মহড়া চলবে ছয়টা ৩০ পর্যন্ত। মহড়া পরিচালনায় সেনা, সিপিএমএফ, পি এস ইউ সহ অন্যান্য এজেন্সি গুলিও সহযোগিতা করবে বলে বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়।

এদিকে, আগামীকালের মক ড্রিলের পরিপ্রেক্ষিতে আজ সন্ধ্যায় সচিবালয়ে রাজস্ব সচিব ব্রিজেস পান্ডে সাংবাদিক সম্মেলনের আহ্বান করেন। সাংবাদিক সম্মেলনে মক ড্রিলের বিষয়ে বিস্তারিত উল্লেখ করা হয়। শ্রী পান্ডে জনগনকে অযথা ভিত না হবার আহ্বান জানান।

******************************

**Ratanlal Nath :**

কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক অনুষ্ঠানে গত বছর আগস্ট মাসে রাজ্যে ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের হাতে আর্থিক সাহায্য তুলে দেন। তিনি বলেন কৃষকরা আমাদের অন্নদাতা। রাজ্য সরকার সর্বদা কৃষকদের কল্যাণের কথা ভেবে চাষাবাদের জন্য নতুন নতুন প্রকল্প গ্রহণ করছে। উল্লেখ্য, NDRF এর নিয়মাবলী অনুযায়ী ২ লক্ষ ১৩ হাজার ৫৪৩ জন ক্ষতিগ্রস্ত কৃষকদের একাউন্টে সরাসরি মোট ৭৯ কোটি ৮৮ লক্ষ টাকার ক্ষতিপূরণ দেওয়া হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা ডঃ ফণিভূষণ জমাতিয়া, সচিব অপূর্ব রায় ও পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল প্রমুখ।

****************************

**Financial Assistance :**

কৈলাশহরের শ্রীরামপুর স্বামী বিবেকানন্দ ভবনে এক আজ অনুষ্ঠানে গত বছর আগষ্ট মাসের বন্যায় ক্ষতিগ্রস্ত কৈলাশহর মহকুমার ৯,৭৯৮ জন কৃষককে হেক্টর প্রতি আট হাজার পাঁচশ টাকা করে আর্থিক সহায়তা দেয়া হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল, কৃষি উপ-অধিকর্তা সৌমেন নন্দী, কৃষি তত্বাবধায়ক পরাগ রায়চৌধুরী প্রমুখ।

****************************

**NDRF Fund Distribution :**

বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের জাতীয় বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে সরাসরি অর্থ প্রদানের প্রক্রিয়া আজ থেকে দক্ষিন জেলায়ও শুরু হয়েছে। আজ জোলাইবাড়ি কৃষি মহকুমার উদ্যোগে আজ জোলাইবাড়ি কমিউনিটি

হলে আয়োজিত এক অনুষ্ঠানে ১৭ জন কৃষককে ক্ষতিপূরণের মঞ্জুরীপত্র তুলে দেওয়া হয়েছে। সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। কৃষি ও কৃষক কল্যান দপ্তরের উপ-অধিকর্তা সুমিত কুমার সাহা আকাশবানীকে জানান দক্ষিণ জেলার ৩৩,৮১৩ জন ক্ষতিগ্রস্ত কৃষক ৩০ কোটি টাকা ক্ষতিপূরণ পাবেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM & Australia PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজের সঙ্গে কথা বলেছেন এবং তাঁর ঐতিহাসিক দ্বিতীয় মেয়াদের জন্য তাঁকে অভিনন্দন জানিয়েছেন। তাদের কথোপকথনের সময়, প্রধানমন্ত্রীরা দুই দেশের মধ্যে ব্যাপক কৌশলগত অংশীদারিত্ব শক্তিশালী করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

উভয় নেতা পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয় নিয়েও মতবিনিময় করেন এবং একটি মুক্ত, স্থিতিশীল, নিয়মভিত্তিক এবং সমৃদ্ধ

ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলকে এগিয়ে নিতে একসঙ্গে কাজ করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন।

শ্রী মোদী প্রধানমন্ত্রী আলবানিজকে বছরের ভারতে অনুষ্ঠেয় বার্ষিক শীর্ষ সম্মেলন এবং QUAD শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করার জন্য ভারত সফরের আমন্ত্রণ জানিয়েছেন।

****************************

**Rural Sports-Package :**

পালোয়ানদের হাডুডু প্রতিযোগিতার টুর্নামেন্ট বসেছে সিপাহীজলা জেলার বিভিন্ন প্রান্তে। প্রচুর দর্শক উপস্থিতি ও দারুন উদ্দীপনা নিয়ে একের পর এক হাডুডু টুর্নামেন্ট চলছে সোনামুড়া মহকুমার বিভিন্ন এলাকায়। এনিয়ে আমাদের জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনের একটি প্রতিবেদন।

##########VC##########

*****************************

**Lightning Death :**

ঊনকোটি জেলার ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অধীন লালঝুড়ি এলাকায় আজ বজ্রপাতে একজন নিহত এবং ছয়জন গুরুতর আহত হয়েছেন। আজ দুপুর দুটো নাগাদ আকস্মিক বজ্রপাত হলে রাবার বাগানে কর্মরত গৌতম রায়ের মৃত্যু হয। ঐখানে কর্মরত আহতদের কৈলাশহর জেলা হাসপাতাল ও কাঞ্চনবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা চলছে।

******************************

**Tinku Roy :**

ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায় জানিয়েছেন, রাজ্যে ৪০ হাজারের বেশি ছেলেমেয়েকে চিহ্নিত করে বিভিন্ন ক্রীড়ায় প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। গোটা রাজ্যে খেলাধুলার ভালো পরিবেশ তৈরি হয়েছে। আজ খেজুরবাগানে শহীদ ভগৎ সিং যুব আবাসে ইনডোর মাল্টি জিমের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি

জানান, প্রায় ৩০ লক্ষ টাকা ব্যয় করে এই মাল্টি জিম তৈরি করা হয়েছে। মন্ত্রী জানান, রাজ্যে ইতিমধ্যে ৯টি সিন্থেটিক মাঠ হয়েছে। আরও দুটি সিন্থেটিক মাঠ করা হচ্ছে। এছাড়া প্রাকৃতিক ঘাসের কুড়িটি মাঠ প্রস্তুতির কাজ চলছে। আজকের অনুষ্ঠানে দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ উপস্থিত ছিলেন।

*****************************

**Women's Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া টি-২০ সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার সুপার সিক্সের খেলা আজ শুরু হয়েছে হয়। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ১৩৬ রানে চাম্পামুড়া কোচিং সেন্টারকে পরাজিত করে। একই মাঠে এগিয়ে চলো সংঘ ও মৌচাক ক্লাবের দ্বিতীয় খেলাটি বৃষ্টিতে পরিত্যক্ত হয়।

********************************